

পঞ্চম অধ্যায়

শব্দ ভাণ্ডার

ভাষার উন্নতি বিধানের একটি প্রধানতম মাধ্যম হল শব্দভাণ্ডার। আমরা জানি যে কোন ভাষাই তার সামাজিক উন্নতি বিধানে মহত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে থাকে। আর ভাষাকে সমৃদ্ধ করে তার শব্দভাণ্ডার। ভাষার শব্দভাণ্ডার বাহ্য প্রভাবজনিত পরিবর্তনের মধ্য দিয়ে উন্নতি লাভ করে। কিন্তু কোনো সমাজের ভাষা বাহ্য প্রভাবের কারণে কতখানি পরিবর্তিত হবে তা অনেকখানি নির্ভর করে সেই প্রভাবের শক্তির উপর; পাশাপাশি সেই সমাজের গঠন এবং সমাজের সদস্যদের ভাষা প্রেমের উপর। কারণ অনেক সময় এমনও দেখা যায় সামাজিক মানুষ বাহ্য প্রভাবকে প্রতিরোধ করে আপন ভাষার প্রাচীনত্বকে বজায় রাখার চেষ্টা করে।

যে কোনো ভাষার ক্ষেত্রেই এটা বাঞ্ছনীয় যে, সেই ভাষা বিভিন্ন সামাজিক ভাষার সঙ্গে সম্পর্ক গড়ে তুলবে এবং পরস্পরের মধ্যে শব্দের আদান প্রদানের মাধ্যমে নিজ ভাষাকে উন্নতির পথে পরিচালিত করবে। কিন্তু সাম্যবাদ এবং পুঁজিবাদের অন্তর্গত জাতির মধ্যে সাম্যভাবের অভাব থাকায় তাদের মধ্যে অধিক মাত্রায় শাসনের প্রবৃত্তি লক্ষ করা যায়। ফলতঃ তাদের মধ্যে ভাষার আদান-প্রদান সাম্য বা সহযোগিতার মাধ্যমে না হয়ে শোষণ তথা শাসনের মাধ্যমে হয়ে থাকে। কিন্তু এই ভাবে পরিবর্তিত ভাষা উন্নতি বিধানের কোনো সঠিক চিহ্নকে বহন করে না।

বিভিন্ন ভাষার শব্দের পারস্পরিক আদান প্রদানের মধ্যে সেই সকল জাতির সাংস্কৃতিক মূল্য নিহিত থাকে। কোনো ভাষার শব্দ ভাণ্ডার সেই ভাষা ব্যবহারকারী জাতির চরিত্রের দ্যোতক হয়। শব্দ ভাণ্ডারের শব্দাধিক্যের উপর সেই ভাষার উন্নতির মাত্রা নির্ণীত হয় না, বরং ভাষার উন্নতি বিধানের ক্ষেত্রে এটাই অধিক গুরুত্বপূর্ণ যে সেই ভাষার শব্দভাণ্ডারের অন্তর্গত শব্দ কতখানি উন্নত। অর্থাৎ এক্ষেত্রে শব্দের গুণগত মানই বিচার্য। যে ভাষার দ্বারা প্রয়োজনীয় বিভিন্ন তত্ত্বকে যত সরলতার সঙ্গে ব্যক্ত করা যায়, সেই ভাষা তত বেশি উন্নত।

ভাষাবিজ্ঞানীগণ দেখিয়েছেন সামাজিক সম্পর্ক শব্দের আদান-প্রদান এবং তার প্রয়োগগত দিকের উপর বিশেষ প্রভাব ফেলে। সমাজের বাহ্য অন্তর্বিরোধ সেই সমাজের আভ্যন্তরীণ পরিস্থিতির সঙ্গে সম্পর্কযুক্ত। ড. রামবিলাস শর্মা এ বিষয়ে বলেছেন—

“কিসী সমাজ কে বাহ্য অন্তর্বিরোধ ভাষা কী স্থিতি পর কিস तरह का प्रभाव डालते ह्याय, यह उस समाज की आन्तरिक स्थिति पर निर्भर ह्याय। यदि ब्रिटेन का सामन्तवर्ग अधिक दृढ़ता से नार्मान आक्रमणकारियों का सामना करता या उसे अपनी जातीय संस्कृति अर भाषा से अधिक प्रेम होता, तो वह इस आत्थर्घाती दम से अंग्रेजी का फ्रांसिसीकरण न होने देता। यदि भारत का सामन्त वर्ग अधिक संगठित होता अर आपस में न लड़कर सारी शक्ति तुर्क आक्रमणकारियों का विरोध करने में लगाता, तो इहा फारसी राजभाषा न बनती अर संभवतः साहित्यिक हिन्दी के विकास में उतनी बाधाय न पड़ती। इंग्लंड पर नार्मान प्रभुत्व एक शताब्दी से भी कम समय तक रहा। यह फारसी लगभग छह सौ साल तक राजभाषा रही, उसके बाद अंग्रेजी आधमकी। फिर भी अंग्रेजी या फारसी के शब्द उस तरह हिन्दी में नहीं घुस आये जिस तरह अंग्रेजी में फ्रांसिसी शब्द भर गये थे। इसका कारण यह ह्याय कि जातीय या सांस्कृतिक उन्पीड़नके खिलाफ इहा की जनता ज्यादा जमकर लड़ी अर उसमें अपनी जातीय संस्कृति के लिए प्रबल अभिमान था। तुर्की में एक प्रत्यय ह्याय “टी” इससे मशालटी, अफीमटी, ज्यायसे शब्द बने ह्याय। किसी सम्मान सूचक सन्दर्भ में इस प्रत्यय का उपयोग नहीं होता। तुर्की भाषा का शब्द “उर्दू” हमारे इहा एक भाषाके लिए प्रयुक्त होने लगा। इस नये रूप में वह अलगाव का सूचक रहा। तुर्क हिन्दुस्थानियों में घुल-मिल कर एक हो गये। इहा की राज भाषा फारसी रही। भारतीय भाषाओ पर विशेष प्रभाव पड़ा फारसी का। फारसी के माध्यम से बहुत से अरबी शब्द आये; आगे चलकर अरबी के भाषा-तट्टों से उर्दू में नये शब्द भी रचे जाने लगे। फारसी से एयसे शब्द भी आये जो संस्कृत के थे; वे अपनी फारसी रूप में प्रचलित ह्ये। चोसर, अर शैक्खपीयर की अंग्रेजी में ल्याटिन अर फ्रांसिसी श्रोतों से आये ह्ये शब्द की तुलना में सूर, तुलसी, कबीर अर जायसी की रचनाओ में फारसी अरबी शब्दों की संख्या बहुत ही कम ह्याय।”

आमरा जानि व्याकरणेर परिभाषाय शब्द हल अर्थगत दिक् थेके भाषार लघुतम स्वतन्त्र एकक। अर्थात् एर एकटि स्पष्ट अर्थ থাকे एवं एटि अर्थगत दिक् थेके लघुतम (वाक्य, उपवाक्य पदवक्त्र, पदेर तुलनाय) एकक। शब्द ध्वनि-सुत्तरेर ক্ষुद्रतम वा लघुतम एकक नय। कारण एते एकटि ध्वनिओ থাকते পারে आवार एकाधिकओ। एहि एकक स्वाधीन तथा स्वतन्त्र। अर्थात् प्रयोगेर क्षेत्रे वा अर्थ ज्ञापनेर क्षेत्रे अपनेर सहायता ग्रहण आवश्यक नय।

মানব জীবনের চিরকালীন বৈশিষ্ট্য এই যে মানব ভাষার পরিবর্তন সাধিত হয়। আবার ভাষার শব্দ-ভাণ্ডারেও পরিবর্তন হয়ে থাকে। শব্দ ভাণ্ডারের আলোচনায় এই বিষয়টি গুরুত্ব রাখে যে শব্দ তার আত্মা এবং শরীরের সঙ্গে সম্পৃক্ত হয়ে কিভাবে শব্দ ভাণ্ডারের সঙ্গে যুক্ত হয়। এক্ষেত্রে ভাষা কখনো কখনো কোনো কোনো শব্দকে পরিত্যাগ করে আবার কোনো কোনো শব্দকে স্বাগত জানায়। এইভাবে শব্দ ভাণ্ডার থেকে প্রাচীন শব্দ লুপ্ত হয় এবং নবীন শব্দের আগম ঘটে।

যখন দুটি ভিন্ন ভাষা-ভাষী রাষ্ট্র প্রাপ্ত বা ক্ষেত্র একে অপরের সংস্পর্শে আসে, তখন পরস্পরের মধ্যে শব্দের আদান-প্রদান ঘটে থাকে। ভারতে বিভিন্ন সময়ে আরবী, দ্রাবিড়, পর্তুগালী তথা ইংরেজ ইত্যাদি জাতির আগমন ঘটে। এর ফলস্বরূপ ভারতীয় বিভিন্ন ভাষা আরবী, ফারসী, পর্তুগালী ইংরাজী ইত্যাদি ভাষা থেকে শব্দ গ্রহণ করেছে। অন্যদিকে উক্ত ভাষাগুলিও ভারতীয় ভাষা থেকে শব্দ গ্রহণ করেছে।

বাংলা এবং উর্দু ভাষার শব্দ ভাণ্ডারের প্রতি দৃষ্টি নিক্ষেপ করলে দেখা যাবে যেহেতু উভয় ভাষাই নব্য ভারতীয় আৰ্য ভাষারই ভিন্ন ভিন্ন প্রাদেশিক রূপ, সেই হেতু উভয়ের শব্দ ভাণ্ডারের মধ্যে বিষয়গত তথা বৈশিষ্ট্যগত সাদৃশ্যের দিকটি বিশেষভাবে নজরে আসে। বাংলা এবং উর্দু ভাষা একে অপরের শব্দ ভাণ্ডার দ্বারা প্রভাবিত হয়েছে; এক ভাষা অন্য ভাষা থেকে শব্দ চয়ন করে নিজ শব্দভাণ্ডারকে সমৃদ্ধ করেছে এবং গৃহীত শব্দ সেই ভাষার শব্দ ভাণ্ডারের সঙ্গে সহজাত সম্পর্কের মতোই জড়িয়ে গেছে।

উৎপত্তির দিক থেকে বিচার করলে আমরা দেখব বাংলা এবং উর্দু ভাষা ইন্দো-ইউরোপীয়ান মূল ভাষার আৰ্য শাখার পাক-ভারতীয় উপশাখা থেকে ক্রমবিবর্তনের মধ্য দিয়ে সৃষ্টি হয়েছে। যেমন—বাংলা এবং উর্দু ভাষার মা, ভাই, পা, দুই, পাঁচ ইত্যাদি শব্দগুলি আৰ্য ভাষার মাতা, ভ্রাতা, পাদ, দ্বৈ, পঞ্চ ইত্যাদি শব্দ থেকেই উৎপত্তি লাভ করেছে। আর এই আৰ্য শব্দগুলি ইন্দো-ইউরোপীয়ান mate (r), bhrate (r), Ped (Pod), Duwoi, Penqwe শব্দ থেকে সৃষ্টি। একই ভাবে গ্রীক, লাতিন, ফরাসী, ইংরেজী, জার্মান প্রভৃতি প্রাচীন ও আধুনিক ইন্দো-ইউরোপীয়ান ভাষাতেও এই সকল শব্দের অনুরূপ শব্দের উপস্থিতি লক্ষ করা যায়। যেমন—গ্রীক mater, phrater, pos, duo, pente; লাতিন mater, frater, pes, duo, quinque; ফরাসী mere, pere, pled, deux, cinq; জার্মান Mutter, Vater, Fuss, Zwe, Funf; ইংরেজী mother, father, foot, two, five। এক্ষেত্রে উল্লেখযোগ্য বাংলা এবং উর্দু ভাষার বেশ কিছু শব্দ আৰ্য শাখার নিজস্ব শব্দকোষ থেকে এসেছে। অন্য ইন্দো-ইউরোপীয়ান ভাষাসমূহে এই সকল শব্দের উপস্থিতি লক্ষ করা যায় না। যেমন—হাত (হাত), উট (উট)—এই দুটি শব্দ মূলত আৰ্য বাস্তব, উশ্ণ শব্দ দুইটির পাক-ভারতীয় আৰ্যরূপ হস্ত, উষ্ট্র থেকে সৃষ্টি।

মহম্মদ শহীদুল্লাহ বাংলা এবং উর্দু ভাষার সামিপ্যকে বোঝাতে গিয়ে এমন কতকগুলি শব্দের উদাহরণ দিয়েছেন, যেগুলি প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে সৃষ্ট এবং উভয় ভাষাতেই সমানভাবে ব্যবহৃত, ঈরানীয় আর্যভাষায় “নাক, লাখ, গাধা, ঘোড়া, বোন (বহিন), বাপ শব্দগুলি প্রাচীন ভারতীয় আর্য নক্ষ, লক্ষ, গর্দভ, ঘোটক, ভাগিনী, বপ্র শব্দগুলি হইতে উৎপন্ন। এইরূপ শব্দগুলির ব্যুৎপন্ন শব্দ পাক—ভারতের বিভিন্ন আধুনিক আর্যভাষায় দৃষ্ট হয়। যথা—সি. (সিন্ধী) নকু, প. (পাঞ্জাবী) নক, বে. (বেদিয়া gypsy) নখ, মা. (মারাঠী), গু. (গুজরাতি), বা. (বাংলা), উ. (উর্দু) নাক; কা. (কাশ্মীরি) লছ, মা. গু. প. বা. উ. লাখ; গু. গধাড়া, মা. গধড়া, কলাস গর্দোক, খোয়ার গুদোখ, সিং (সিংহলী) গদুবু, প. উ. গধা, বা. গাধা। গু. সি. ঘোড়া; কা. গুরু; বৈপালা গুড়; পশই গোড়; বে. খুরো; মা. প. বা. উ. ঘোড়া; মা. বহীন; গু. বেহেন, বেন; সি. ভেনু; প. ভইণ; ও (ওড়িয়া) ভৌনী, সিং বিহিন, বুহ্ন; বা. বোন, বুন; উ. বহিন। সি. বাবু; মা. গু. প. বে. বা. উ. বাপ।”

বাংলা এবং উর্দু উভয় ভাষাই মূলত তিন পদ্ধতিতে আপন শব্দভাণ্ডারকে সমৃদ্ধ করে চলেছে—প্রাচীন শব্দের সাহায্যে, ভিন্ন ভাষা থেকে গৃহীত শব্দের সাহায্যে এবং নবনির্মিত শব্দের সাহায্যে। মানুষ তার ব্যবহারিক জীবনে বিভিন্ন ধ্বনি-সংকেতের ব্যবহার করে থাকে এবং সেই ধ্বনি-সংকেত এক প্রদেশ থেকে ভিন্ন প্রদেশে বিস্তার লাভ করে। শব্দভাণ্ডারের সমৃদ্ধির কারণেই একই ‘আকাশ’ শব্দের বহু প্রতিশব্দ (ব্যোম, গগন, অভ্র, অম্বর, নভ, অন্তরিক্ষ, আসমান, অনন্ত) মেলে। এটা উন্নতিরই লক্ষণ। আসলে যেকোনো অবস্থাতেই মানবীয় জ্ঞানের তুলনায় ভাবী অর্জনীয় জ্ঞানের বিস্তার অধিক হয়। ভাষার প্রগতির এটি একটি বিশেষ কারণ।

সংস্কৃত-প্রাকৃত-অপভ্রংশ ভাষার বিবর্তনের পথ ধরে বাংলা ভাষা অগ্রসর হয়ে এসেছে। সুতরাং সংস্কৃত থেকে প্রাকৃতির মাধ্যমে বিবর্তিত শব্দ সমূহই বাংলা ভাষার নিজস্ব সম্পদ। এই পর্যায়ের শব্দকে ‘তদ্ভব’ শব্দ বলা হয়। তদ্ভব শব্দেরই সমমর্যাদাসম্পন্ন শব্দসমূহ হল সংস্কৃত বা তৎসম শব্দসমূহ। এই শ্রেণীর শব্দের প্রাচুর্য যেমন বাংলা ভাষার শব্দভাণ্ডারকে সমৃদ্ধ করেছে, পাশাপাশি দ্রাবিড়-অস্ট্রিক ইত্যাদি অনার্য বা দেশী শব্দ এবং বহু আগন্তুক বা বিদেশী শব্দ বাংলা ভাষার শব্দ ভাণ্ডারে স্থান পেয়েছে।

পরিবর্তনের বিভিন্ন পর্যায়ে বাংলা শব্দ ভাণ্ডারে একদিকে যেমন নতুন শব্দ গৃহীত হয়েছে। আবার অনেক সময় প্রাচীন শব্দকে বর্জন করাও হয়েছে। যেমন প্রাচীন ভারতের যজ্ঞ ব্যবস্থা পরবর্তীকালে লোপ পাওয়ায় তার সঙ্গে সম্পর্ক যুক্ত বহু শব্দই বর্জিত হয়েছে। যেমন—সুরক্ষণ্য, যজ্ঞা, যাযজুক, আবসথিক, অহীন, সুত্যা ইত্যাদি। বাংলাদেশে মুসলমান আগমনের ফলস্বরূপ আরবী ফার্সী শব্দের প্রভাবে কিছু খাঁটি বাংলা শব্দ বা

তদ্ভব শব্দের পূর্বরূপ বর্জিত হয়ে আরবী ফার্সীর রূপ প্রচলিত হয়। যেমন—
'উদ্যান' > 'উঠাণ'-এর স্থানে ফারসী 'বাগ' (বাগান-বাগীচা), মধ্য > 'মাজা'-র পরিবর্তে
'কোমর' ব্যবহৃত হয়।

একালের ভাষাবিদগণ বাংলা শব্দভাণ্ডারকে প্রধানত দুটি শ্রেণীতে বিভক্ত করে
থাকেন—১. মৌলিক শব্দ, ২. আশুস্তক বা কৃতঋণ শব্দ। মৌলিক শব্দের অন্তর্গত শব্দ
হল তৎসম, তদ্ভব, অর্ধ-তৎসম শব্দ। অন্যদিকে দেশি, বিদেশী, প্রাদেশিক ও মিশ্র শব্দ হল
আশুস্তক বা কৃতঋণ শব্দের অন্তর্গত।

বাংলা মৌলিক শব্দ—প্রাচীন ভারতীয় আৰ্য ভাষা থেকে ক্রমবিবর্তনের মধ্য দিয়ে
বাংলা ভাষার উদ্ভব হয়েছে। সংস্কৃত ভাষার সঙ্গে সম্পর্কযুক্ত শব্দ হল মৌলিক শব্দ।

বাংলা তৎসম শব্দ—যে সকল শব্দ সংস্কৃত ভাষা থেকে সরাসরি বা অবিকৃত বা
অপরিবর্তিত রূপে বাংলা ভাষায় গৃহীত হয়েছে, তাকে তৎসম শব্দ বলা হয়। বাংলা
ভাষায় তৎসম শব্দের অনুপ্রবেশ আদি ভাষা স্তরেই শুরু হয়েছিল। বাংলা তৎসম শব্দ—
পিতা, মাতা, কন্যা, চন্দ্র, সূর্য, তারকা, অরণ্য, পর্বত, গগন, অশ্ব, মৃগ, সমুদ্র, বৃক্ষ,
ধরিত্রী, হৃদয়, লতা, ফল, তাপসী, মানব, সঞ্জয়, ভক্তি, স্রোত, শরীর, স্নেহ, সন্তান, শয্যা,
কেশব, রাত্রি, বৎসর, শ্রবণ, নদী, ভূমি, দাস, মেদিনী, পাষণ, পৃষ্ঠ, মণ্ডল, নক্ষত্র, গিরি,
আহ্বান, বিচ্ছেদ, ভক্ত, প্রতিষ্ঠা, পল্লব, বিসর্জন, মার্গ, লৌহ, প্রজ্ঞা, বসুন্ধরা, দাশরথি,
নিমন্ত্রণ, শাস্ত্র, বাসব, অনল, মহী ইত্যাদি। অনেক সময় বাংলায় তৎসম শব্দের উচ্চারণগত
কিঞ্চিৎ বিভিন্নতা লক্ষ করা গেলেও বানানাগত কোন পরিবর্তন ঘটে না।

□ বাংলা অর্ধতৎসম—যে সকল সংস্কৃত বা তৎসম শব্দ সরাসরি বাংলা ভাষায়
গৃহীত হয়েছে, কিন্তু উচ্চারণগত দিক থেকে কিঞ্চিৎ বিকৃতি লাভ করেছে তাদের অর্ধতৎসম-
শব্দ বলা হয়। এই শ্রেণীর শব্দ মূলত মৌখিক এবং কাব্য ভাষায় অধিক ব্যবহৃত হয়।
সংস্কৃত 'গৃহিনী' হয়েছে 'গিন্নি'। এই 'গিন্নি' অর্ধতৎসম শব্দ। অর্ধতৎসম পর্যায়ভুক্ত বহু
শব্দ চলিত বাংলায় প্রচলিত। যেমন—'কৃষ্ণ' > কেষ্ট, শ্রদ্ধা > ছেদ্ধা, বৈদ্য > বদি, শ্রী > ছিরি,
তৃষণ > তেষ্টা, পুত্র > পুতুর, কীর্তন > কেত্তন, ত্রাস > তরাস, প্রসাদ > পেসাদ, কবিরাজ > করবেজ,
প্রণাম > পেনাম, ক্ষুধা > খিদে, বৈষ্ণব > বোষ্টম, পিত্ত > পিত্তি, পুরোহিত > পুরুত, স্নান > সিনান,
মহোৎসব > মোচ্ছব, প্রদীপ > পিদিম ইত্যাদি।

□ বাংলা তদ্ভব শব্দ—যে সব শব্দ প্রাচীন ভারতীয় আৰ্যভাষা বা সংস্কৃত ভাষা
থেকে উদ্ভূত হয়ে প্রাকৃত ও অপভ্রংশের মধ্যে দিয়ে পরিবর্তিত হয়ে বাংলা ভাষায়
এসেছে, তাদের বলা হয় তদ্ভব শব্দ। তবে শুধুমাত্র সংস্কৃত শব্দই প্রাকৃতির মাধ্যমে বাংলা

ভাষায় গৃহীত হয়েছে এমন নয়। অন্যান্য বহু অসম্পৃক্ত গোষ্ঠীর ভাষা এবং সগোত্রীয় ইন্দো-ইউরোপীয় গোষ্ঠীর শাখান্তর ভাষার শব্দও সংস্কৃতের মাধ্যমে বিবর্তিত হয়ে বাংলা ভাষায় গৃহীত হয়েছে। সংস্কৃত মূল থেকে প্রাকৃতের মধ্য দিয়ে আগত শব্দকে ‘দেশীয় তদ্ভব’ শব্দ বলা হয়। আর যে সকল শব্দ ইন্দো-ইউরোপীয় বংশের অন্য ভাষা বা ইন্দো-ইউরোপীয় ব্যতীত অন্য বংশের ভাষা থেকে বিবর্তিত হয়ে বাংলায় এসেছে তাদের কৃতঋণ বা বিদেশী তদ্ভব শব্দ বলা হয়। তদ্ভব শব্দগুলি বাংলায় খাঁটি বাংলা শব্দের রূপ লাভ করেছে।

বাংলাদেশী তদ্ভব শব্দ—কৃষ্ণ>কনহ>কানাই, মৃত্তিকা>মাটি আ>মাটি, অদ্য>অজ্ঞ>আজ, সন্ধ্যা>সঞ্ঝা>সাঁঝ, ইন্দ্রাগার>ইন্দাআর>ইঁদারা, দ্বিপ্রহ>দুপ্রহর>দুপুর, মক্ষিকা>মচ্ছিঅ>মাচ্ছি, কর্ণ>কনন>কান, প্রতিবেশী>পড়িএশী>পড়িশি, বৎস>বচ্ছ>বাছা, রাধিকা>রাহিআ>রাই, কার্য>কজ্জ>কাজ ইত্যাদি।

□ দ্রাবিড় গোষ্ঠীর ভাষা থেকে সংস্কৃতের মাধ্যমে আগত শব্দ—ইরবু>ইঞ্চক>ইঞ্চঅ>ইঁচলা (মাছ), উলঠে>উলুপ>অলুঅ>উলু (খর), কাল>খল্ল>খল্ল>খাল, পিল্লৈ>পিল্লিক>পিলুঅ>পিলে (ছেলে)।

□ অস্ট্রিক গোষ্ঠী থেকে আগত শব্দ—চক্ক>চাক, টক্ক>টঙ্গ, তাম্বুল>তাঁবোলা, পতঙ্গ >ফড়িং, ডিম্ব>ডিম।

□ প্রাচীন গ্রীক থেকে আগত শব্দ—দ্রাখমে>দ্রম্য>দন্ম>দাম, সুরিংকস>সুরুঙ্গ>সুরুঙ্গ >সুড়ঙ্গ, সেমিদালিস>সমিতা>সিমুই।

□ প্রাচীন পারসিক থেকে আগত শব্দ—কর্শ>কর্ষাপণ>কাহন, পবস্তা>পুস্তক>পুথি, মোচক>মোচিক>মুচি।

□ বাংলা আগন্তুক/কৃতঋণ শব্দ—বাংলা ভাষায় যে সকল শব্দ সংস্কৃত থেকে সরাসরি বা প্রাকৃতের মাধ্যমে এসেছে, সেই সকল শব্দের অতিরিক্ত সকল শব্দই ‘আগন্তুক শব্দ’ বা ‘কৃতঋণ শব্দ’ হিসেবে অভিহিত। আর্য-ভাষা বহির্ভূত বা আর্যভাষার ভিন্ন শাখা (গ্রীক, পারসিক) থেকে যে সকল শব্দ বিবর্তনের মধ্য দিয়ে বাংলা ভাষায় এসেছে, তাদের ‘আগন্তুক শব্দ’ বলা হয় না। এই সকল ভাষা থেকে যে সকল শব্দ সরাসরি বাংলা ভাষার শব্দ ভাণ্ডারে স্থান পেয়েছে তাদেরই ‘আগন্তুক শব্দ’ বলা হয়। বাংলায়—দেশি, বিদেশী, প্রতিবেশী এবং মিশ্রশব্দ এই শ্রেণীর অন্তর্ভুক্ত।

ক. দেশি শব্দ—ভারতের আদিম অধিবাসী অস্ট্রিক, দ্রাবিড় বা কোনো অজানা ভাষা থেকে যে সকল শব্দ বাংলায় গৃহীত হয়েছে, তাদের দেশি শব্দ বলা হয়। এই শ্রেণীর গৃহীত শব্দের মধ্যে বহু শব্দের উৎপত্তি বা মূল জানা যায় না বলে এদের ‘অজ্ঞাত মূল শব্দ’ বলা হয়। দেশজ অজ্ঞাত মূলশব্দ—করিস, ফরসা (ফরশা), উসখুস, সরেস (সরেশ), ফটাস ইত্যাদি।

□ দ্রাবিড় ভাষা থেকে সরাসরি বাংলায় আগত শব্দ—ইডলি, চুরুট, আকাল, দোসা, তামিল।

□ অস্ট্রিক/নিষাদ ভাষা থেকে সরাসরি বাংলায় আগত শব্দ—উচ্ছে, ঝাঙা, ঘর, খোকা, টেঁকি, মুড়ি, ডিঙ্গা, চুলা, তোতলা, ঠোঙা, খুঁটি, টিল, ডোঙ্গা।

□ ভোট-বর্মী (এরা সম্ভবত আর্যদের পরে ভারতে আসে) ভাষা থেকে সরাসরি বাংলায় আগত শব্দ—লুঙ্গী, ফুঙ্গী, লামা, এগপ্পি ইত্যাদি।

খ. বিদেশী শব্দ—এদেশের বহির্ভূত দেশের ভাষা যে সকল শব্দ বাংলা ভাষায় এসেছে, তাদের বিদেশী শব্দ বলা হয়। দেশ জয়, ধর্মপ্রচার এবং ব্যবসা বানিজ্যের উদ্দেশ্যে সুপ্রাচীন কাল থেকে নানা বিদেশী জাতির ভারতে আগমন ঘটে। এদেরই ভাষার বেশ কিছু শব্দ ভারতীয় বিভিন্ন ভাষার মতো বাংলা ভাষার সঙ্গে এমন ভাবে মিশে গেছে যে তাদের আজ আর আলাদা করে বিদেশী শব্দ বলে মনে হয় না। এমনকি দৈনন্দিন জীবন থেকে এই সকল শব্দকে বাদ দিলে বাংলা ভাষার সুর-লয় ভঙ্গ হবে। বাংলা ভাষায় বিভিন্ন শাখা থেকে বিদেশী শব্দের আগম ঘটেছে; যেমন—

ফারসী ভাষা থেকে, ফারসী ভাষার মাধ্যমে তুর্কী এবং আরবী ভাষা থেকে, পোর্তুগিজ, ইংরেজী এবং অন্যান্য বিভিন্ন ভাষা থেকে।

□ বাংলা ভাষায় গৃহীত ফারসী শব্দ—বাংলা ভাষার শব্দভাণ্ডারকে অনেকাংশেই সমৃদ্ধ করেছে আরবী-ফারসী ভাষা থেকে গৃহীত শব্দাবলী। উর্দু ভাষার সঙ্গে বাংলা ভাষার সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে এই সকল শব্দ বিশেষ গুরুত্বপূর্ণ। নিম্নে উভয় ভাষায় ব্যবহৃত এই শ্রেণীর শব্দের কিছু উদাহরণ তুলে ধরা হল—

বাংলা শব্দ	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল আরবী/ফারসী
আক্কেল	অক্ল	জ্ঞান, চালাকি	আঃ আক্কল্
এক্‌তিয়ার	এখ্‌তিয়ার	ক্ষমতা, অধিকার, ইচ্ছা	আঃ ইখ্‌তিয়ার্ (নির্বাচন, দখল)
অছিল্লা	রুসীলহ	নিমিত্ত, ছল, ছুতা, কারণ	আঃ রুসীলহ (মাধ্যম, উপায়)
উজবুক	উজ্বক	বোকা, কিঞ্জুত-কিমাকার (উজবকবাসী তাতার জাতি)	ফাঃ (তুর্কীর মাধ্যমে) উজ্বক
অজুহাত, ওজুহাত	বুজহ্	হেতু, কারণ	আঃ বুজহ্ (বহুবচন-বজুহাত)
অন্দর	অন্দর	ভিতর, অন্তর্বাটী	ফাঃ অন্দর
আওলাদ	ওলাদ	ছেলেমেয়ে, সন্তান	আঃ আউলাদ-বলদ-এর বহুবচন
আওয়াজ	আবাজ্	শব্দ, স্বর	ফাঃ আবাজ্
আক্‌চর, আকসার	অক্‌সর	অনেক অধিকতর	আঃ অক্‌ছর
আকবর		সর্বশক্তিমান	আঃ অকবর (মহান, সর্বশ্রেষ্ঠ)
বাংলা শব্দ	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল আরবী/ফারসী
আখীর, আখের	আখীর	শেষ, সমাপ্তি	আঃ অখীর্
আদাব	আদাব	অভিবাদন	আঃ আদাব্
আন্দাজ	আন্দাজ্	অনুমান, আভাস (অনুমিত পরিমাণ)	ফাঃ আন্দাজ্, আন্দাজ্‌হ
আব্র	আবর	মান, আভিজাত্য, পর্দা	ফাঃ আবর
আমেজ	আমেজ	সামান্য প্রকাশ, রেশ	ফাঃ আমীজ্ (মিশ্রণ),
আলতো	আলতো	বুলান অবস্থা	আঃ ইল্‌তিবা
আশনা, আশ্না	আশ্না	বন্ধু, প্রেমিক	আঃ আশ্না
আসান, আশান	আসান	নিষ্কৃতি, বিরাম	ফাঃ আসান (সহজ)
ইনাম, এনাম	ইনাম	প্রশংসা, পুরস্কার	আঃ ইন্‌আম
ইস্তফা, ইস্তাফা	ইস্তফা	পরিত্যাগ, সমাপ্তি	আঃ ইস্ত 'ফা'
উস্তাদ, ওস্তাদ	উস্তাদ	শিক্ষক, গুরু, দক্ষ	ফাঃ উস্তাদ

বাংলা শব্দ	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল আরবী/ফারসী
এস্তাহার, ইশ্‌তিহার	ইশ্‌তিহার	প্রচারপত্র, নোটিশ	আঃ ইশ্‌তিহার্
ওআরিশ,	ঝারিশ	উত্তাধিকারী	আঃ ঝারিছ্
কদম	কদম্	পদ, পদক্ষেপ, গতিভঙ্গি	আঃ কদম্
কদর	কদর্	মূল্য, মান, যত্ন	আঃ কদর্
কদু	কদু	লাউ	ফাঃ কদু
কফিন, কাফন	কফন্	শবাধার, মৃতদেহের আচ্ছাদনবস্ত্র	আঃ কফন্
কবজি	কব্‌জী	হাতের কবজি	আঃ কব্‌জুহ
কবর	কুবর্	গোর	আঃ কুবর্
কবুল	কুবুল্	স্বীকার	আঃ কবুল্
কম	কম্	অল্প	ফাঃ কম্ (কম্বক্ত, কম্ সেকম)
কোমর	কুমর্	কটিদেশ	ফাঃ কুমর্-বন্দ (কটিবন্ধ)
কসাই	কসাই	পশুহস্তা	আঃ কসাব্
কাগজ	কাগ্‌জ	লিখিবার পত্র, সংবাদ, দলিল	আঃ কাগধ-আৎ (দলিলপত্র)
কামান	কমান	ধনুক-ই-ধনুকের ছিলা	ফাঃ কমান্
কাহিল	কাহিল	দুর্বল, অলস	আঃ কাহিল্
কিস্তি, কিশ্‌তি	কশ্‌তি	নৌকা, জাহাজ	ফাঃ কিশ্‌তী
কিস্তি	কিস্তি	দাবার আক্রমণাত্মক চাল	ফাঃ কিশ্‌ৎ (আবাদ)
কুরতি	কুর্তী	মেয়েদের পরিধেয় ছোটজামা	ফাঃ কুর্তী
কুর্নিস, কুর্নিশ	কুর্নিশ্	অভিবাদন, নমস্কার	ফাঃ কুর্নিশ্
কুরসি	কুর্সী	চেয়ার, উচ্চাসন	আঃ কুর্সী
কুলুপ	কুল্‌ফ্	তালা	আঃ কুল্‌ফ্
কেতাব, কিতাব	কিতাব	বই, পুস্তক	আঃ কিতাব্
কেরামত	করামৎ	মহানুভবতা, দৈবশক্তি	আঃ করামৎ
কৈফিয়ৎ	কয়ফিয়ৎ	কারণ প্রদর্শন, ব্যাখ্যা	আঃ কয়ফিয়েৎ (অবস্থা)
কৌশিস	কৌশিশ্	চেষ্টা, উদ্যম	ফাঃ কৌশিশ্
কোহিনুর	কোহিনূর	একপ্রকার হীরক	ফাঃ কোহি-নূর (আলোর পাহাড়)

বাংলা শব্দ	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল আরবী/ফারসী
খৎ	খত্	চিঠি, পত্র, দলিল	আঃ খত্ (পত্র, লেখা)
খতম	খতম্	সমাপ্ত, নিহত মৃত	আঃ খতম্
খবর	খবর্	সংবাদ	ফাঃ খবর্
খরচ	খর্চ্	ব্যয়, খরচা	ফাঃ খর্চ্
খারাপ, খারাব	খ়রাব্	মন্দ, উৎসাহহীন	আঃ খ়রাব্
খরিদ	খ়রীদ্	ক্রয়	ফাঃ খ়রীদ্
খাতা	খ়ত	লেখার খাতা, হিসাবের বই	আঃ খ়ত্ (খত্বহ্-বহ্বচন)
খাতির	খ়াতির্	হৃদয়, স্মরণ, মনোযোগ, শ্রদ্ধা	আঃ খ়াতির্ (হৃদয়)
খাম	খ়াম্	আচ্ছাদনী	ফাঃ খ়াম্ (পত্রের ভাজ)
খারিজ	খ়ারিজ্	বাতিল, ত্যাগ	আঃ খ়ারিজ্
খালাস	খ়ালাস্	স্বাধীন, মুক্ত	আঃ খ়ালাস্
খালি	খ়ালী	শূন্য, শুধু	আঃ খ়ালী
খাসা	খ়াস্	বিশেষ, মহৎ, সুন্দর, সৎ	আঃ খ়াস্, খ়াস্বহ্; খ়াস্বীয়হ্
খাস্তা	খ়াস্তহ্	বাঞ্ছিত, উত্তম	ফাঃ খ়াস্তহ্
খিতাব, খেতাব	খ়িতাব্	সম্মানজনক উপাধি	আঃ খ়িতাব্
খিদমত, খেদমৎ	খ়িদমৎ	চাকরী, দাসত্ব, পরিচর্যা	আঃ খ়িদমৎ (চাকর, সেবক)
খুন	খ়ুন	রক্ত, হত্যা	ফাঃ খ়ুন্
খেয়াল	খ়য়াল	কল্পনা, ইচ্ছা	আঃ খ়য়াল
খোদা	খ়ুদা	ভগবান	ফাঃ খ়ুদা-তাল্লা (সর্বশক্তিমান ভগবান)
খোরাক	খ়ুরাক্	খাদ্য	ফাঃ খ়ুরাক্
খোলাসা, খোলসা, খুলাসাহ্	খ়ুলাসাহ্	সহজভাবে, স্পষ্টতা	আঃ খ়ুলাস্বহ্ (মূল বিষয়)
গজল	গ়জল্	গীতি কবিতা, গান	আঃ গ়জল্ (প্রেম-কবিতা)
গায়েব	গ়্যার্	ব্যতীত, ছাড়া	আঃ গ়্যার্
গরগরা	গ়র্ঘরহ্	একপ্রকার হুকা	আঃ গ়র্ঘরহ্
গরদান	গ়র্দান্	মাথা, মাথাকাটা, গলাধাক্কা	ফাঃ গ়র্দান্ (কাঁধ)
গরম	গ়রম্	উত্তাপ, ত্রুদ	ফাঃ গ়রম্ (উত্তাপ)

বাংলা শব্দ	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল আরবী/ফারসী
গরিব	গরীব	নির্ধন, নিরাশ্রয়, অপরিচিত	আঃ ঘরীব
গলৎ, গলদ, গল্‌তি	গলৎ	ভুল, ত্রুটি	আঃ ঘলত্ব
গায়েব	গায়েব	নষ্ট, অদৃশ্য	আঃ ঘঈব (আজগুবী)
গালিচা, গালচে	গালীচহ্	কাপেট, বর্ণরঞ্জিত আসন	ফাঃ গালীচহ্
গুজরান, গুজার	গুজারহ্	চালু, যাপন	ফাঃ গুজারহ্
গেরেফ্তার, গ্রেপ্তার	গিরেফ্তার	ধৃত, বন্ধন	ফাঃ গিরিফ্তার
গোমস্তা	গুমশতহ্	প্রতিনিধি	ফাঃ গুমাশতহ (নিযুক্ত)
গোয়েন্দা	গোয়েন্দহ্	গুপ্তচর	ফাঃ গুয়িকহ (কথক সংবাদবাহক)
গোলাম	গুলাম	ভৃত্য	আঃ গুলাম
গোসল	গোসল্	স্নান	আঃ গুসল্ (ধৌতকরণ)
গোসা, গোষা	গুসসা	রাগ, ক্রোধ	আঃ গুস্ব
চরকা, চরখা	চরখহ্	ঘূর্ণনযন্ত্র (সূতা কাটার)	ফাঃ চরখহ্
চশমা	চশমহ্	উপনেত্র	ফাঃ চশমহ্
চাঁদা, চান্দা	চন্দহ্	সাধারণ কাজের জন্য প্রত্যেকের দেয় সামান্য অর্থ	ফাঃ চন্দহ (সামান্য)
চাদর	চাদর্	উত্তরীয়, আচ্ছাদনবস্ত্র	ফাঃ চাদর্ (আচ্ছাদন বস্ত্র)
চামচ, চাম্‌চে	চামচহ্	ছোট হাতা	ফাঃ চাম্‌চহ্
চালাক	চালাক্	চতুর	ফাঃ চালাক্
চেহারা	চেহরাহ্	আকৃতি	ফাঃ চিহরহ্ (প্রতিকৃতি)
ছিলিম	ছিলিম্	তামাক খাওয়ার পাত্র	ফাঃ চিলিম
জখম	জখম্	আঘাত	ফাঃ জখম্
জঙ্গ	জঙ্গ	যুদ্ধ	ফাঃ জঙ্গ
জঙ্গল	জঙ্গল	বন	ফাঃ জঙ্গল
জবাব	জবাব্	উত্তর, বরখাস্ত	ফাঃ জবাব্ (উত্তর)
জমি, জমীন	জমীন	ভূমি, মাটি	ফাঃ জমীন

বাংলা শব্দ	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল আরবী/ফারসী
জর্দা	জর্দহ	পানের মশলা	ফাঃ জর্দহ
জরিমানা	জুরমানাহ	অর্থদণ্ড	আঃ জুর্ম (অন্যায়)+ফা. আনহ (সম্বন্ধসূচক প্রত্যয়)
জলসা	জলসা	সামাজিক অনুষ্ঠান	আঃ জল্‌সহ (মিলন স্থান)
জহর	জওহর	মূল্যবান পাথর	আঃ জৌহর (রত্ন)
জাদুকর	জাদুগর	কুহক, ভেঙ্কী দেখায় যে	ফাঃ জাদুগর
জায়গীর, জাইগীর	জাগীর	ভূদান	ফাঃ জাগীর
জাহাজ	জাহাজ্	জলযান	আঃ জাহাজ্
জাহান্নম	জাহন্নুম্	নরক	আঃ জহন্নুম্
জিদ, জেদ	জিদ্	একগুঁয়েমি	আঃ জিদ
জোর	জের	অবশিষ্ট, পরিণাম	ফাঃ জীর
জোরবার	জেরবার	বিপন্ন, ক্লাস্ত	ফাঃ জীরবার্
ডেমাক, দেমাক	দিমগ্	মস্তিষ্ক, অহঙ্কার	আঃ দিমাঘ্
তক্তা	তখ্তহ্	কাঠের ফলক	ফাঃ তখ্তহ্
তাকিয়া	তাকীয়হ্	মোটালি	ফাঃ তাকীয়হ্
তরজমা	তর্জুমহ্	অনুবাদ	আঃ তর্জুমহ্
তরজা	তর্জা	একপ্রকার কবিতা	আঃ তর্জী (বন্দ)
তরফ	তরফ্	দিক, পার্শ্ব	আঃ তরফ্
তসবির	তস্বীর	ছবি	আঃ তস্বীর
তাজ	তাজ	মুকুট	ফাঃ তাজ্
তাজা	তাজহ্	নূতন, জীবন্ত	ফাঃ তাজহ্
তামাসা	তামাশহ্	দৃশ্য, কৌতুক	ফাঃ তামাশহ্
তালিকা	তালীকহ্	ফর্দ, নামোল্লেখ	আঃ তালীকহ্
তীর	তীর্	শর	ফাঃ তীর্
তোয়াক্বা	তব্বকা	নির্ভর অভিপ্রায়	আঃ তব্বক্বু
তোয়াজ	তব্বাজ্	প্রশংসা, আদর	আঃ তব্বাজু (নব্বতা)
তোফা	তোহ্‌ফহ্	চমৎকার, উৎকৃষ্ট	আঃ তোহ্‌ফহ্
তোষামোদ	খুশামাদ্	প্রশংসা বাক্য	ফাঃ খুশ্ আমদী

বাংলা শব্দ	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল আরবী/ফারসী
দফতর, দপ্তর	দফতর্	হিসাবের খাতা, কর্মশালা	ফাঃ দফতর্
দফা	দফ্‌হ্	সময়, বিষয়	আঃ দফ্‌হ্
দম	দম্	মুহূর্ত	ফাঃ দম্
দরকার	দরকার্	আবশ্যিকতা	ফাঃ দরকার্
দরখাস্ত	দারখাস্ত্	আবেদন	ফাঃ দরখ্বাস্ত্
দরজা, দরওয়াজা	দরবাজহ্	দ্বার, জানালা, ফটক	ফাঃ দরবাজহ্
দরজী	দরজী	সূচী, কর্মকার	ফাঃ দরজী
দরাজ	দরাজ্	দীর্ঘ, প্রশস্ত	ফাঃ দরাজ্
দোয়াত	দব্বাত্	কালির পাত্র	আঃ দব্বাৎ
দৌলত	দওলত্	ভাগ্য, সম্পদ	ফাঃ দৌলৎ
নকল	নকল্	অনুরূপ, কৃত্রিম	আঃ নকল্
নগদ	নগদ্	উপস্থিত (টাকা)	আঃ নকদ্
নজর	নজর্	দৃষ্টি, উপটোকন	আঃ নজর্ (দৃষ্টি)
নবাব	নবাব্	সম্রাট ব্যক্তি	আঃ নবাব্
নরম	নরম্	কোমল	ফাঃ নরম্ (সং নম্র)
নহবত	নওবৎ	যুদ্ধ-বাজনা, উৎসবের বাজনা	আঃ নৌবৎ
নাবালক	নহ্বালিধ্	অপ্রাপ্ত বয়স্ক	ফাঃ নহ+আঃ বালিধ্
নামজাদা	নামজাদহ্	প্রসিদ্ধ	ফাঃ নামজাদহ্
নামঞ্জুর	নামঞ্জুর	অগ্রাহ্য	ফাঃ নাম+মন্‌জুরঃ
নিশানা	নিশানহ্	লক্ষ্য, চিহ্ন	ফাঃ নিহায়ৎ
পনির	পনীর্	পনির (cheese)	ফাঃ পনীর্
পরগণা	পরগনহ্	জেলার অংশবিশেষ	ফাঃ পর্‌গনহ্
পরচা	পরচহ্	কাগজের টুকরো	ফাঃ পটহ্
পরদা	পর্দাহ্	আবরণ	ফাঃ পর্দাজ্
পরোয়া	পরব্বাহ্	ভয়, চিন্তা	ফাঃ পরব্বাহ্
পহরা, পাহারা	পহরহ্	পর্যবেক্ষণাধীন	ফাঃ পহরহ্ (সং প্রহর-আ)
পাজামা, পায়জামা	পাজামহ্	একপ্রকার পোশাক	ফাঃ পা-জামহ্
পিয়াজ, পেয়াজ	পিয়াজ্	তরকারী বিশেষ	ফাঃ পিয়াজ্

বাংলা শব্দ	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল আরবী/ফারসী
পিলসুজ্	পিতলসোজ্	দীপাধার	ফাঃ পিতলসোজ্
পেয়াদা	পিয়াদহ্	পদাতিক, পিয়ন	ফাঃ পিয়াদহ্
পেস্তা	পিস্তাহ্	আরবীয় ফলবিশেষ	ফাঃ পিস্তাহ্
পোক্ত	পুখ্তহ্	পাকা, অভিজ্ঞ	ফাঃ পুখ্তহ্ (ভর্জিত)
পোলাও	পোলাব্	ঘীও মাংসমিশ্রিত রান্নাভাত	ফাঃ পিলারু (সং পলান)
ফকির, ফকীর	ফকীর	গরীব, ভিখারী, দরবেশ	আঃ ফকীর
ফরমান	ফর্মান	আদেশ	ফাঃ ফর্মান
ফরিয়াদ	ফরিয়াদ্	নালিশ, কান্না	ফাঃ ফর্ইয়াদ্
ফাঁস	ফাশ্	শিথিল, ব্যক্ত	ফাঃ ফাশ্
ফাজিল	ফাজিল্	চমৎকার, ধূর্ত, বাচাল	আঃ ফাজিল্ (অতি-পণ্ডিত)
ফায়দা	ফায়দহ্	সুবিধা, লাভ	আঃ ফাই দহ্
ফিরিস্তি	ফিরিস্ত্	বর্ণনা	ফাঃ ফিহরিস্ত্
ফৌজ	ফোওজ	সৈন্য, সৈন্যদল	আঃ ফৌজ্ (সেনা দল)
বকেয়া	বকীয়হ্	অবশিষ্ট, সাবেক	আঃ বকীয়হ্
বখশিশ, বকসিস	বখশিশ্	দান, পুরস্কার	ফাঃ বখশিশ্
বগল	বগল্	বহুমূল, নিকটবর্তী	ফাঃ বঘল
বদল	বদল্	বিনিময়, পরিবর্তন	আঃ বদল্
বন্দী	বন্দী	কয়েদ, বন্ধনযুক্ত	ফাঃ বন্দী
বন্দুক	বন্দুক	একপ্রকার আগ্নেয়াস্ত্র	ফাঃ বন্দুক্
বনিয়াদ, বুনিয়াদ	বুনিয়াদ	ভিত্তি, ঐতিহ্য	ফাঃ বুনিয়াদ্
বরকন্দাজ	বরকন্দাজ্	বন্দুক চালনাকারী	আঃ বর্ক—বিদ্যুৎ+ফাঃ আন্দাজ্
বরখাস্ত	বরখাস্ত	বিদায়, বিচ্যুত	ফাঃ বরখাস্ত
বরাত	বরাৎ	অদৃষ্ট, ভাগ্য	আঃ বরা'অৎ (মহত্ব)
বরাবর	বরাবর্	নিকট, পাশাপাশি	ফাঃ বরাবর্
বাচ্চা	বচ্চহ্	শিশু, বালক	ফাঃ বচ্চহ্
বাজার	বাজার	হাট	ফাঃ বাজার্
বাজিকর, বাজিগর	বাজীগর	যাদুগর	ফাঃ বাজীগর

বাংলা শব্দ	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল আরবী/ফারসী
বাতিল	বাতিল্	মিথ্যা	আঃ বাত্বিল্
বাদ	বাদ্	পরে, ছাড়া	আ ব'অদ্
বাদশা	বাদশাহ্	সম্রাট	ফাঃ বাদশাহঃ
বারকোশ	বারুক্শ্	কাঠের থালা	ফাঃ বারুকশ্ (দ্রব্যাদি বহন করার বাসন)
বারান্দা	বরন্দহ্	খোলা প্রকোষ্ঠ	ফাঃ বরআমদহ (যা বাইরের দিকে অগ্রসর হয়ে আছে)
বুলন্দ	বুলন্দ	মহৎ, শ্রেষ্ঠ	ফাঃ বুলন্দ
বে-গানা	বেগানহ্	অপরিচিত	ফাঃ বী-গানহ্
বেহেস্ত	বেহেস্ত	স্বর্গ, অতিপবিত্র স্থান	ফাঃ বিহিশ্ৎ
ভিস্তি, ভিস্তী	বিহিস্তী	জল-বাহক	ফাঃ বিহিস্তী (পরম পবিত্রকাজ)
মক্কেল	মঅক্কেল্	আশ্রয়প্রার্থী (বিচারের)	আঃ মু'অক্কল্
মকদ্দমা, মোকদ্দমা	মকদ্দমহ্	বিচারকার্য	আঃ মক্কদ্দমহ্
মগজ	মগজ্	মজ্জা, বুদ্ধি	আঃ মঘজ্
মজবুৎ	মজবুত্	শক্ত, দৃঢ়	আঃ মজ্বুত্
মজলিশ	মজলিশ্	মিলনকেন্দ্র, সমিতি	আঃ মজ্লিস্
মজা	মজাহ্	কৌতুক	আঃ মজাঃহ্, মজাঃহর্
মঞ্জুর	মন্জুর	স্বীকার, রাজী	আঃ মন্জুর্
মতলব	মতলব	উদ্দেশ্য	আঃ মত্বলব্
মনিব	মুনীব্	পৃষ্ঠপোষক	আঃ মুনীব্
মফস্বল	মুফস্বল্	শহর দূরবর্তী বিশিষ্ট স্থান	আঃ মুফস্বল্
ময়দান	মইদান	মাঠ	ফাঃ মইদান্
মরদ	মর্দ	ব্যক্তি, পুরুষ	ফাঃ মর্দ
মরসুম	মওসম্	সময়, ঋতু	আঃ মৌসম্, মৌসিম
মস্করা	মস্করহ্	কৌতুককারী	আঃ মস্করহ্
মহকুমা	মহ্কমহ্	জেলার ভাগ	আঃ মহ্কমহ্ (শাসনস্থান)
মারফৎ	মারফৎ	উপায়, মাধ্যম	আঃ ম'রিফৎ (জ্ঞান, পরিচয়)
মাহিনা	মহিনাহ্	বেতন	ফাঃ মাহিয়ানহ্

বাংলা শব্দ	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল আরবী/ফারসী
মিদ্ধা, মিদ্দা	মীরদহ্	(দশজন)সৈন্যের অধিনায়ক	ফাঃ মীর্ ইদহ
মিনতি	মিন্নৎ	অনুরোধ, কৃতজ্ঞতা	আঃ মিন্নৎ+স, (বিনতি)
মিসরি, মিছরি	মিছরী	মিষ্টি দ্রব্যবিশেষ	আঃ মিস্বরী (মিশর দেশীয়)
মুরব্বি	মুরব্বী	অভিভাবক	আঃ মুরব্বী
মুশকিল, মুস্কিল	মুশকিল্	বিড়ম্বনা, বিপদ	আঃ মুশকিল্
মুসাফের	মুসাফির	পরিব্রাজক, অতিথি	আঃ মুসাফির্
মেথর	মেহতর্	ঝাড়ুদার	ফাঃ মিহতর্ (মহত্তর ব্যক্তি)
মেরামত	মরম্মৎ	জীর্ণ-সংস্কার	আঃ মরম্মৎ
মেহনৎ	মেহনৎ	পরিশ্রম	আঃ মিঃ হনৎ
মোক্তার	মুখ্তার	নিম্ন-আদালতের আইন ব্যবসায়ী	আঃ মুখ্তাব্ (মেনোনীত)
মোকাবেলা,			
মুকাবিলা	মুকাবলহ্	প্রতিপক্ষ, বিরোধ	আঃ মুকাবলহ্
মোতাবেক	মুতাবিক্	অনুসারে	আঃ মুত্বাবিক্
মোতায়েন	মুতাইন	নিযুক্ত, প্রেরিত	আঃ মুত'ঈন্
মোবারক	মুবারক্	পবিত্র, শুভ	আঃ মুবারক্
মোম	মোম্	একপ্রকার আলো	ফাঃ মূম্
মোরব্বা	মুরব্বা	সংরক্ষিত (দ্রব্য), চিনির রসে ভিজানো সংরক্ষিত ফল	আঃ মুরব্বা
মোলায়েম	মুলায়েম্	নম্র	আঃ মুলায়িম্
মোসায়েব,	মুসাহিব্	চাটুকার	আঃ মুস্বাহিঃব্
মোশাহেব			
মোহরৎ	মুহলৎ	শুভানুষ্ঠান	আঃ মহলৎ
রকম	রকম্	পরিমাণ, রীতি	আঃ রকম্
রপ্ত	রপ্ত্	অভ্যস্ত, আধিকার	আঃ রব্ত্ (সম্বন্ধ)
রপ্তানী, রফ্তানী	রফ্তানী	বিদেশ চালান	ফাঃ রফ্তানী
রসদ	রসদ্	(খাদ্য) যোগান	পাঃ রসদ্
রাজী	রাজী	সন্তুষ্ট, সম্মত	আঃ রাজী

বাংলা শব্দ	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল আরবী/ফারসী
রেওয়াজ, রেয়াজ	রিবাজ্	রীতি, ধারা, চলন	আঃ রিবাজ্
রেজ কি, রেজগি	রেজ্গী	খুচরা (মুদ্রা)	ফাঃ রীজ্গী (অংশ)
রেজাই	রজ্জাই	এক প্রকার পোষাক	ফাঃ রজ্জাই
রেহাই	রিহাই	মুক্তি, ছুটি	ফাঃ রহাই
রোয়াক, রক	রিবাক্	বাড়ির সম্মুখস্থ বারান্দা	আঃ রিবাক্
লঙ্গর, নোঙ্গর	লঙ্গর	নৌকাকে স্থির রাখার শিকল	ফাঃ লঙ্গর্
লহমা	লহম্হ্	মুহূর্ত, পলক	আঃ লম্হঃ হ্
লা-ওয়ারিশ	লাবারিশ	উত্তরাধিকারীবিহীন	আঃ লা-বারিহ্
লাচার	লাচার	অসহায়, বিত্তহীন	ফাঃ লা-চার
লাফাঙ্গা	লফাঙ্গা	মদমত্ত	আঃ লফন্গা
লায়েক	লায়েক্	উপযুক্ত	আঃ লাইক্
লেপ	লিফাঅ	তুলায় পরিপূর্ণ গায়ের আবরণ	আঃ লিঃহাফ্
লোকসান	নুক্‌সান্	ক্ষতি	আঃ নুক্‌সান্
শনাক্ত, সনাক্ত	শনাক্ত্হ্	চিহ্নিতকরণ	ফাঃ শনাক্তহ্
শবনম	শব্‌নম্	একপ্রকার মিহি কাপড়	ফাঃ শব্‌ন (শিশির বিন্দু)
শয়তান, সয়তান	শয়তান	প্রবঞ্চক, প্রেতাভা	আঃ শইতান্
শর্ত, সর্ত	শর্ত	চুক্তি	আঃ শর্ত্
শরবৎ, সরবৎ	শরবৎ	মিষ্টি পানীয়	আঃ শর্‌বৎ
সরিক, সরিক	শরীক্	অংশীদার	আঃ শরীক্
শহর, সহর	শহর	নগর	ফাঃ শহর্
শহীদ, সহিদ	শহীদ	সাক্ষী, জীবনদান	আঃ শহীদ্
শাগরেদ, সাকরিদ	শাগির্দ	শিক্ষানবিশ	পাঃ শাগির্দ্
সামিয়ানা,	শামিয়ান্হ্	তাম্বু, আচ্ছাদন,	ফাঃ শামিয়ানহ্
সামিয়ানা		চাঁদোয়া	
শায়েস্তা, সায়েস্তা	শায়িস্তাহ্	উপযুক্ত, সংযমিত	পাঃ শায়িস্তাহ্ (উপযুক্ত)
শালোয়ার	শল্‌বর্	পাজামা	ফাঃ শল্‌বর্
শিকার	শিকার্	মৃগয়া, প্রাণীহত্যা	পাঃ শিকার্

বাংলা শব্দ	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল আরবী/ফারসী
সওয়াল, সওয়াল	সৱাল্	প্রশ্ন, আবেদন	আঃ সৱাল্
সখ, শখ, সক	শওক্	ইচ্ছা, প্রবৃত্তি	আঃ শৌক্
সফর, শফর	সফর্	ভ্রমণ	আঃ সফর্
সবজি	সব্জী	কাঁচাতরকারী	পাঃ সব্জী
সবুজ	সব্জ্	রংবিশেষ, কাঁচা	ফাঃ সব্জ্
সরকার	সরকার্	উপাধিবিশেষ, হিসাবরক্ষক	ফাঃ সরকার্
সরঞ্জাম	সরন্জাম্	উপকরণ, আসবাবপত্র	ফাঃ সর্ অন্জাম্ (পরিণতি)
সর্দি	সর্দী	ঠাণ্ডাভাব, ঠাণ্ডাজনিত রোগ	ফাঃ সর্দ্ -ঈ
সহবৎ	সুহবত্	সংঘবদ্ধতা, মিলন	আঃ সুহঃবৎ
শানাই, শানাই	শাহ্নাই	একপ্রকার বাঁশী	ফাঃ শাহ-নই
সাফ	সাফ্	পরিষ্কার, পবিত্র	আঃ স্বাফ্
সাবাশ, শাবাশ	শাবাশ	প্রশংসাসূচক ধ্বনি	ফাঃ শাদ্বাশ্ (সুখী হও)
সাবেক	সাবিক্হ্	পূর্ববর্তী, প্রাচীন	আঃ সাবিক্
সালিশ	সালিস্	বিচার, মধ্যস্থ, (ব্যক্তি)	আঃ ছালিছ্ (তৃতীয় ব্যক্তি)
সাহেব	সাহিব্	প্রভু, ভদ্রলোক	আঃ স্বাহিঃব্
সিক্কা	সিক্কাহ্	মুদ্রা	আঃ সিক্কাহ্
সিন্দুক	সন্দুক	বড়বাক্স	আঃ স্বন্দুক্
সুদ	সুদ	ঋণদানে লাভ	ফাঃ সুদ্
সুপারিশ	সিফারিশ	প্রশংসা	ফাঃ সিফারিশ্
সুরমা	সুরম্হ্	কাজল	ফাঃ সুরম্হ্
সুলতান	সুলতান	রাজা	আঃ সুলতান্
সেপাই, সিপাই	সিপাহ	সৈন্য, সৈন্যদল	ফাঃ সিপাহ্, সিপাহ্
সেলাম, সালাম	সলাম্	অভিবাদন	আঃ সলাম্
স্বেফ	সিফ্	কেবলমাত্র, ঠিক	আঃ স্বিফ্
হক	হক্	সত্য, যথার্থ	আঃ হঃক্ (ন্যায্য অধিকারী)
হকিকৎ	হকীকত্	সত্যবাদিতা	আঃ হঃকীকৎ
হজম	হজম্	পরিপাক, আত্মসাৎ	আঃ হজম্

বাংলা শব্দ	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল আরবী/ফারসী
হাঙ্গামা	হঙ্গামহ্	গোলমাল	ফাঃ হন্গামহ
হামানদিস্তা	হাবন্দস্তহ্	উদূখল-মুঘল	ফাঃ হাবন্দস্তহ
হামেশা	হামেশহ্	সর্বদা	ফাঃ হমীশহ
হারাম	হরাম্	অপবিত্র, নীচ	আঃ হঃরাম্
হিন্দু	হিন্দু	ভারতীয়, ভারতীয় ধর্মে বিশ্বাসী	ফাঃ হিন্দু
হিসাব	হিসাব	গণনা	আঃ হিসাব্
হুকুম	হুকুম্	আদেশ	আঃ হুকুম্ ।-দার (আবেদনকারী)
হুজুর	হুজুর	উপস্থিতি, প্রভু	আঃ হুঃজুর্
হেপাজত,	হিফাজত্	তত্ত্বাবধান, যত্ন	আঃ হিঃফাজুৎ

□ বাংলা ভাষায় ব্যবহৃত অন্যান্য বহু বিদেশী শব্দ আছে যেগুলির ব্যবহার উর্দু ভাষাতেও হয়ে থাকে :—

বাংলা	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল
অজবুক	উজবুক	বোকা	তুর্কী উজবুক (বোকা)
উর্দু	উর্দু	উর্দুভাষা	তুঃ উর্দু (সেনা, ছাউনি)
কাঁচী	কাঁইচী	কাপড় ইত্যাদি কাটার যন্ত্র	তুঃ কাইঁচী
কাবু	কাবু	অসহায়	তুঃ কাবু
কালিয়া	কালিয়া	মাংস দ্বারা প্রস্তুত খাবার	তুঃ কালিয়া (মশলাদার মাংস)
কুলী	কুলী	বাহক	তুঃ কুলী
কোর্মা	কোর্মা	বিশেষ পদ্ধতিতে রান্না মাংস	তুঃ কোর্মা (স্বাদ বিশিষ্ট)
চাকু	চাকু	সরু ছুরি	তুঃ চাকু
চাবুক	চাবুক্	চাবুক	তুঃ চাবুক্
তোপ	তোপ্	কামান	তুঃ তোব্
বেগম	বেগম্	রানী	তুঃ বেগ (ভগবান); ফার্সী বেগম্
মুচলেকা	মুচলেকা	প্রতিজ্ঞাপত্র	তুঃ মুচলেকা
সওগাত	সওগাত	আগমন	ফার্সী এবং তুর্কী সওগাত্
সঙ্গীন	সন্গীন্	বন্দুকের সঙ্গীন	তুঃ সান্গীন্/ফার্সী-সন্গীন্

বাংলা	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল
কোঁত্কা	কোত্কা	মোট ল্যাঠি	তুঃ কোত্কা
অলি, ওলি	অলী	সরু রাস্তা (অলিগলি)	ফরাসী-অলী (Allee)
আয়া	আয়া	ধাত্রী, সেবিকা	পতুর্গীজ-আয়া
আলকাতরা	অলকত্‌রা	আলকাতরা	পতুর্গীজ-অলকত্‌রাস
আলমারী	অলমারী	আসবাব	পতুর্গীজ-অলমীরটি
ইনফ্লুয়েঞ্জা	ইনফ্লুয়েঞ্জা	সংক্রামক	ইতালীক-ইনফ্লুয়েনসিয়া
ইস্তিরী	ইস্তিরী	কাপের ইস্তিরী করা	পতুর্গীজ-ইস্তিরার
ইস্পাত	ইস্পাৎ	একপ্রকার ধাতু	স্প্যানিশ-ইসপাডা (তলোয়ার)
ওডিকলোন	ওডিকোলোন	গন্ধ (তরল) (Eau de Cologne)	ফরাসী-এ ও ডে কোলোঙ
ওলন্দাজ	ওলন্দাজ	ডাচ	ফরাসী হোলানডাইস
কমার্ট	কমার্ট	বাদ্য	ইতালীয়ান-কনসার্টার/ ইংরাজী-কমার্ট
কমা	কমা	চিহ্ন	গ্রীক-কোম্মা
কাক	কক্	ছিপি	স্পেনিশ-কক্
কাজু	কাজু	একশ্রেণীর বাদাম	পতুর্গীজ-কাজু
কাফি, কফি	কাফি	পানীয়	পতুর্গীজ-কফি
কোপ	কোপ	এক কোপে কাটা	গ্রীক-কোপ
চা	চা	পানীয়	চীনা-চা
জামরুল	জামরুল	ফলবিশেষ	মালায়লম-জামরুল
টোকা	টোওকা	পাতার তৈরী ছাতার মতো বস্তু	পতুর্গীজ-টোকা
তম্বুরা	তম্বুরা	ছয় তার বিশিষ্ট গিটার	হিব্রু-তাম্বুরা
তামাক	তাম্বাকু	এক জাতীয় পাতা	স্পেনীয়-টোবাকো
নোনা	নোনা	ফল	পতুর্গীজ-অনোনা
পরাত, পরত	পরত্	আস্তরণ	পতুর্গীজ-প্রাতো
পাঁড়রুটী	পাওঁরোটি	একপ্রকার রুটি	পতুর্গীজ-পাও+রুটি (ভারতীয়)
পাদরী	পাদরী	খ্রীষ্টান ধর্মপ্রচারক	পতুর্গীজ-পাদরে

বাংলা	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল
পিপে, পিপা	পীপা	জার	পতুগীজ-পীপা (বোতল)
পিয়ারা	পিয়ারা	পেয়ারা, ফল বিশেষ	পতুগীজ-পেরা
পুলিশ	পোলিস	গ্রীক-(পালিস/ইং-পোলিস)	
ফটো	ফটো	ছবি	গ্রীক-ফোটোস্
বিস্কুট	বিস্কুট	খাবার	পতুগীজ-বিস্কোইটো
বেহালা	বেহালা	বাদ্যযন্ত্রবিশেষ	পতুগীজ-ভীলা
বোতল	বোতল্	কাঁচের পাত্র	পতুগীজ-বোতেলা/ইং-বাটল্
বোমা	বোম্	বোম	পতুগীজ-বোম্বা
বোয়েম	বয়াম	জার, কাঁজের পাত্র	পতুগীজ-বোইয়াও
মাস্তুল	মাস্তুল	নৌকার আচ্ছাদন	পতুগীজ-মাস্তো
রুইতন	রুইতন	তাসের চিহ্ন	ডাচ-রুইতেন
লামা	লামা	বৌদ্ধ ধর্মযাজক	তিব্বতী-লামা
সাবান	সাবুন	সাবান	পতুগীজ-সাবান/ফরসী-সাভোন
সায়া	সায়া	মেয়েদের পোশাক	পতুগীজ-সাইয়া
স্যাকারিন	স্যাকারিন	চিনির মতো মিষ্টি দ্রব্য, শর্করা	গ্রীক-স্যাকারন
হল্লা	হাল্লা	আক্রমণ	হিব্রু-ওয়ালওয়াই
হেনা	হীনা	গাছের পাতা	আরবী-হীনা/জাপানী-হাসনুহেনা
ইস্ক্রপ	স্ক্রপ	কীলক বিশেষ	ডাচ-স্ক্রফ্/ইং-(Screw)
কাবার	কাবার	শেষ	পতুগীজ-অকাবার
কারতুস	কারতুজ্	বন্দুকের টোটা	ফরাসী-কারতুচো (Cartucho)
আনারস	অনারস্	ফলবিশেষ	পতুগীজ-অনারস
ইস্কাবন	ইস্কাবন	তাসের চিহ্ন বিশেষ	ডাচ-স্কাপিন
কাতান	কাতান	পোশাক বিশেষ	পতুগীজ-catana
পিকেটিং	পিকেট্	বর্জনের উদ্দেশ্যে অবস্থান	ফরাসী-পিকেট্
ফুঙ্গী	ফুঙ্গী	বর্মীসেন্ট	বর্মী-ফুঙ্গী

□ বাংলা উর্দু শব্দভাণ্ডারের অন্তর্গত প্রতিবেশী শব্দ :-

বাংলা এবং উর্দুর শব্দ ভাণ্ডার বহু হিন্দী শব্দ দ্বারা সমৃদ্ধ হয়েছে। উচ্চারণগত কিছু প্রভেদ থাকলেও শব্দগুলি দ্বারা একথাই প্রমাণিত হয় যে এই তিনটি ভাষাই পরস্পরের সঙ্গে গভীর সম্পর্কে আবদ্ধ।

বাংলা শব্দ	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল (হিন্দী)
আংটি	অঙ্গুঠী	স্ত্রী/পুরুষ অলংকারবিশেষ	অঙ্গুঠী (স্ত্রী)
গামছা	অঙ্গোছা	অঙ্গ মুছিবার বস্ত্র	অংগোছা
অচমকা	অচম্ভা	আশ্চর্যান্বিত, বিস্মিত	অচন্ভা, অচন্ভিত
অচ্ছূত	অচ্ছূত	অপবিত্র, অস্পৃশ্য	অচ্ছূত
আটক	অটক্	বাধা, সংকোচ	অটক
আটকানো	অটক্‌না	বাধা দেওয়া	অটকানা
অথাই	অথাহ্	অত্যন্ত গভীর	অথাহ
অথোর	অথর্	অধিক	অথোর
অদল-বদল	অদল্‌বদল্	উলট-পালট	অদল-বদল
আধা-খোলা	অধ্‌খুলা	অর্ধেক-খোলা	অধখুলা
অবুঝ	অনবুঝ্	অবোধ, যাকে বোঝা যায় না	অনবুঝ
আফীমচী	অফীম্‌চী	আফিংখোর	অফীমচী (হিঃ অফীম+চী প্রত্যয়)
আমসত্ত্ব	অমরস	আমের রসে প্রস্তুত খাদ্যসামগ্রী	অমরস
আলগা	অলগ্	পৃথক; দূর করা	অলগ
আবোল তাবোল	আয়্বায়্ব	অর্থশূন্য কথা	আঁয় বাঁয়
আপস	আপস	একে অপরের সঙ্গে	আপস
এইদিকে, ওদিকে	ইধর-উধর	কাছে, পাশাপাশি	ইধর উধর
অমৃতি	ইম্‌রতী	জিলিপীর মত মিষ্টি	ইমরতী
এসরাজ	এস্‌রাজ	বাদ্যযন্ত্র বিশেষ	ইসরাজ
উপড়ানো	উখাড়না	উৎপাটন করা, ছাড়ান	উখাড়না
উজ্জ্বল্য	উজ্‌লাপন	শুভ্রতা	উজলাপন
উজাড়	উজার	পরিত্যক্ত স্থান	উজাড়
উতলা	উতারলা	উতলা, হওয়া, ব্যস্ত হওয়া	উতলানা, উতারলা

বাংলা	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল (হিন্দী)
উলট-পালট	উল্টাপুল্টা	বিপর্যস্ত	উলট-পুলট
একই	একহী	সমান	একই/একহী
কচড়া	কচড়া	আবজনা	কচড়া
কচুরী, কচুড়ী	কচৌড়ী	পুরী-জাতীয় খাবার বিশেষ	কচৌড়ী
কাঁচা	কচ্চা	অপরিণত, অপক্ক	কচ্চা
কাছারী	কচ্ছরী	বিচারালয়	কচ্ছরী
কড়াই	কঢ়াঈ	পাত্র, বাসন	কঢ়াঈ
কাঁকর	কঁকর্	বালি	কিরকিরী
কৃষক	কীসান	চাষী	কিসান
কুয়াসা	কুয়াসা	কুজ্বাটিকা	কুহাসা
কয়লা	কোয়লা	জ্বালানী	কোয়লা
খড়ী	খড়িয়া	খড়ী মাটি	খড়িয়া, খড়ী
খনি	খান	মাটির নীচে...	খান, খাদান
খালাসী	খলাসী	জাহাজের কর্মচারী	খলাসী
কাসা	খাঁসনা	সর্দা, কাসি	খাঁসনা
খাজা	খাজা	এক প্রকার মিষ্টি	খাজা
খানা	খানা	ভোজন করা	খানা
খিচুড়ী	খিচ্ড়ী	চাল ডালসহযোগে প্রস্তুত খাদ্য	খিচড়ী
খোলা	খুল্লা	প্রকাশ্য	খুলা
খুঁটি	খুঁচা	কাঠ বা বাঁশের থাম	খুঁটা
খোঁজ	খোঁজ	অনুসন্ধান	খোঁজ
খোপড়ী	খোপড়ী	মাথার খুলি	খোপড়ী
খোল	খোল	ওয়াড়, ঢাকনা	খোল
গলী	গলী	সরু রাস্তা	গলী
গুজিয়া	গুজীয়া	একপ্রকার মিষ্টি	গুজিয়া
চূপ	চূপ	মৌন	চূপ
চুরি	চোরী	চৌর্ষবৃত্তি	চোরী

বাংলা	উর্দু শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল (হিন্দী)
ঝোলা	ঝোলা	থলে	ঝোলা
দুলকী	দুলকী	দুলকি চাল	দুলকী
নালী	নাল	ক্ষুদ্রনাল	নাল
পগাঢ়	পগাঢ়	জলাভূমি	পগার
পৌনে	পত্তনে	কোন সংখ্যার তিন-চতুর্থাংশ	পৌনে
ফোয়ারা	ফুববারা	বর্না	ফুহারা
বই	বহী	হিসাবের খাতা	বহী
বোঝা	বোঝ	ভার	বোঝ
ভরসা	ভরোসা	আশ্রয়	ভরোসা
মচকানো	মচকানা	নাড়া, বাঁকানো	মচকানা
খলমল	মলমল	মিহি সূতীবস্ত্র বিশেষ	মলমল
লাটু	লটু	লাটিম	লটু
লেখক	লেখক	লিপিকার	লেখক
বিলেত	বিলায়ত	ব্রিটেন, ইংলন্ড	বিলায়ত
সস্তা	সস্তা	কমদামী	সস্তা
হাসিমুখ	হঁসমুহ	প্রসন্ন বদন	হঁসমুখ
হিন্দী	হিন্দী	হিন্দী ভাষা	হিন্দী

□ বাংলা ভাষার শব্দভাণ্ডারের অন্তর্গত অন্যান্য প্রতিবেশী শব্দ :-

- তেলেগু শব্দ—পিলে
- মারাঠি—চৌথ, পেশোয়া, বর্গি, চামচা
- গুজরাটি—হরতাল, তকলি, খদর, হরিজন, গরবাজ, খাদি
- তামিল—চেট্টি, চুরুট, ফিটা, খোকা, খুকি
- পাঞ্জাবি—শিখ, চাহিদা, ভাঙড়া
- মিশ্র শব্দ—এমন অনেক শব্দ আছে যেগুলি এক ভাষার শব্দ, উপসর্গ বা প্রত্যয়ের সঙ্গে অপর ভাষার শব্দ, প্রত্যয় ইত্যাদির মিশ্রণের ফলে গঠিত। এগুলিকেই মিশ্র শব্দ বলা হয়। এদের মধ্যে বহু শব্দ উর্দু ভাষাতেও ও ব্যবহৃত হয়ে থাকে। কয়েকটি উদাহরণ—

বাংলা 'কহ' ধাতু+সংস্কৃত 'তব্য' প্রত্যয়=কহতব্য

● বিদেশী+বিদেশী—হেডমিস্তিরি, মেমসাহেব, উকিলব্যারিস্টার, হাফমোজা, টাইমটেবিল, জজসাহেব, লেডিডাক্তার, স্টেশনমাষ্টার।

● বিদেশী+তৎসম—নাবালকত্ব, খ্রীষ্টীয়, লাটভবন, শলাপরামর্শ।

● দেশি+বিদেশী—হাটবাজার, মুটেমজুর, রাজাবাদশা, ঘুঘোর, ঠিকাদার।

● বিদেশী শব্দ+তৎসম প্রত্যয়—হিন্দুত্ব, আরবীয়।

● বিদেশী উপসর্গ+বিদেশি শব্দ—বেহেড, বেচাল, বেটাইম, বেহাত।

● তৎসম+বাংলা—পিতাঠাকুর, মাতাঠাকুর, নির্ভুল, কাজকর্ম, মায়াকান্না, শ্বেত পাথর।

● তৎসম+বিদেশী প্রত্যয়—ধূপদানি, স্মৃতিবাজ, উপায়দার, দাতাগিরি, দারোয়ান, নস্যদান, নির্দেশনামা, শিক্ষানবিশ।

(আরবী) ঈদ+(ফারসী) গ্নাহু=ঈদগ্নাহ (উপাসনার স্থান)

(আরবী) একরার+(ফারসী) নামহ=একরারনামহ (চুক্তিপত্র)

(আরবী) গুলাম+ঈ (প্রত্যয়)=গুলামী (গোলামী) (বাংলা)

(ফারসী) দিগ্+চী (ফারসী প্রত্যয়)=ডেগচী (বাংলা)

(ফারসী) বাদশাহ+(ফারসী) জাদহ=বাদশাজাদা (বাংলা)

(ফারসী) রুজু+(ফারসী) গার=রুজুগার>রোজুগার

(ফারসী) বাজী+(ফারসী) গর=বাজীগর

(ফারসী) বাজী+(ফারসী) মাৎ=বাজীমাৎ

(ইংরাজী) পার্টি+(ফারসী) বাজি=পার্টিবাজি

(সংস্কৃত) অংশী+(ফারসী) দার=অংশীদার

(বাংলা) গোরু+(সংস্কৃত) দান=গোরুদান

(ইংরাজী) হেড+(সংস্কৃত) পণ্ডিত=হেডপণ্ডিত

(ফারসী) বদ+(সংস্কৃত) রাগী=বদরাগী

(বাংলা) ছাপা+(ফারসী) খানা=ছাপাখানা

এমন অনেক ইংরাজী শব্দ আছে, যেগুলি বাংলা এবং উর্দু উভয় ভাষাতেই দৈনন্দিন প্রয়োজনে ব্যবহৃত হয়। এই সকল শব্দগুলি উভয় ভাষার শব্দভাণ্ডারের সঙ্গে সহজাত সম্পর্কের মতোই জড়িয়ে গেছে।

বাংলা এবং উর্দুভাষায় ব্যবহৃত শব্দ বাংলা প্রতিশব্দ

উৎসমূল ইংরাজী

অর্ডার	আদেশ	Order
আইভরি	হাতীর দাঁতের তৈরী	Ivory
আউট	বাহিরে, প্রকাশ্যে	Out
ইঞ্চি	পরিমাপ	Inch
ইঞ্জিন	ইঞ্জিন	Engine
ইঞ্জিনিয়ার	ইঞ্জিনিয়ার, বাস্তুকার	Engineer
ইনকমটেক্স	আয়কর	Income Tax
ইষ্টিমার	জলযান বিশেষ	Steamer
ইষ্টিশন, ষ্টেশন	রেলগাড়ির বিরাম স্থান	Station
ইষ্টিল/ষ্টিল	ইস্পাত	Steel
ইস্ট্যাম্প/স্ট্যাম্প	মুদ্রায়ন্ত্র, ডাকটিকিট	Stamp
ইসু	উৎপন্ন হওয়া, বহির্গত হওয়া	Issue
ঈগল	ঈগল পাখী	Eagle
উইল	পছন্দ, ইচ্ছাশক্তি, উইলকরা	Will
উল	পশম	Wool
একজামিন	পরীক্ষা	Examine/-nation
একজিবিশন	প্রদর্শনী	Exhibition
এজেন্ট	প্রতিনিধি	Agent
এডিটর	সম্পাদক	Editor
এনামেল	কলাই, মিনা	Enamel
এরোপ্লেন	উড়োজাহাজ	Aeroplane
এলবাম	হস্তলিপি, ছবি ইত্যাদি রাখার বই	Album
এলোপ্যাথী	বিষম চিকিৎসা প্রণালী	Allopathy
ওভারকোট	পোশাক বিশেষ	Overcoat
উইকেট	ক্রিকেট খেলার ডাঙা	Wicket
কন্ডাক্টর	পথ প্রদর্শক	Conductor
কন্স্টেবল	পাহারাওয়াল	Constable
কম্পাস	দিগ্‌ নির্ণয় যন্ত্র	Compass

বাংলা এবং উর্দুভাষায় ব্যবহৃত শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল ইংরাজী
কলার	গলাবন্ধ	Collar
কাটলেট	খাদ্যবিশেষ	Cutlet
কারতুস	টোটা	Cartridge
কারবাইড	ধাতুমিশ্রিত অঙ্গার	Carbide
কারেন্ট	বিদ্যুৎপ্রবাহ	Current
কালেজ, কলেজ	মহাবিদ্যালয়	College
কেটলি	কেটলি, পাত্র	Kettle
কোয়ার্টার	খাকার জায়গা, চতুর্থাংশ	Quarter
ক্যাসবাক্স	টাকা পয়সা রাখার বাক্স	Cash-box
ক্লোরোফর্ম	অজ্ঞানকারী ওষুধ	Cholorophorm
খৃষ্টান	খীষ্টধর্মাবলম্বী	Christian
গভর্নেন্ট	শাসক-সম্প্রদায়, সরকার	Government
গাউন	লম্বা ও টীলে পোশাক	Gown
গিনি	স্বর্ণমুদ্রা বিশেষ	Guinea
গেট	ফটক	Gate
গ্লাস/গেলাস/গিলাস	কাচ, পানপাত্র	Glass
চিমনী	ধূমনালী	Chimney
জংশন	সংযোগ, মিলন, সঙ্গমস্থল	Junction
জ্যাকেট	পোশাক বিশেষ	Jacket
টাইট	আঁট, কষা	Tight
টাইপ	ছাপার হরফ	Type
টাইম	সময়	Time
টিফিন	জলখাবার	Tiffin
টেবিল	মেজ	Table
টেলিগ্রাফ	যে যন্ত্রে তড়িৎবার্তা প্রেরিত হয়	Telegraph
ট্রেন	রেলগাড়ি	Train
ডজন/দর্জন	দ্বাদশ সংখ্যা	Dozen
ডবল	দ্বিগুণ	Double

বাংলা এবং উর্দুভাষায় ব্যবহৃত শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল ইংরাজী
ডায়মন	হীরক	Diamond
ডিউটি	কর্তব্য	Duty
ডিগ্রী	পরিমাণ, উপাধী	Degree
ডিপ্লোমা	উপাধীপত্র	Diploma
ডিসপেন্সারী	ঔষধালয়	Dispensary
ডেস্ক	প্রচারমঞ্চ	Desk
ডোনেশান	অনুদান	Donation
ড্রাইভার	চালক	Driver
তোয়ালে	তোয়ালে	Towel
নাইলন	প্লাস্টিকের পদার্থ বিশেষ	Nylon
নার্স	সেবিকা	Nurse
নিকেল	রূপালী সাদা ধাতব পদার্থ	Nickel
পলেস্তারা	বালি ও জলের মিশ্রিত দ্রব্য	Plaster
পাইপ	নল	Pipe
পাম্প	মটর, জল তুলিবার কল	Pump
পালিশ	প্রলেপ, চকচকে করা	Polish
পিচ	আলকাতরা	Pitch
পিয়ানো	বাদ্যযন্ত্র	Piano
পেজ	পৃষ্ঠা	Page
পেনশান	অবসর বৃত্তি	Pension
পোস্ট	খুঁটি, নির্দিষ্ট স্থান	Post
পোস্ট অফিস	চিঠিপত্র বিলির স্থান, ডাকঘর	Post office
পোস্টকার্ড	পোস্ট কার্ড	Post card
প্রাইজ	পুরস্কার	Prize
প্রিন্সিপ্যাল	অধ্যক্ষ	Principal
প্লট	ক্ষুদ্র ভূখণ্ড	Plot
প্ল্যাটফর্ম	মঞ্চ	Platform
ফাইল	কাগজপত্র রাখার জিনিস	File

বাংলা এবং উর্দুভাষায় ব্যবহৃত শব্দ	বাংলা প্রতিশব্দ	উৎসমূল ইংরাজী
ফিউজ	উত্তাপে গলানো ফিউজ তার	Fuse
ফিল্টার	জলশোধনযন্ত্র বা ব্যবস্থা	Filter
ফীস্ট	ভোজ, মহোৎসব	Feast
ফ্রেশ	টাটকা, নূতন, সতেজ	Fresh
বল্ব/বাল্ব	বাতি	Bulb
বাইবেল	খ্রীষ্টানদের ধর্মগ্রন্থ	Bible
বান্ধ	শয়ন করার পাটাতন	Bunk
বাণ্ডিল	একবোঝা	Bundle
বার্থ	নোঙ্গর স্থান, ট্রেনে বা জাহাজে শয়ন স্থান	Berth
বার্লি	যব	Barley
বিল	হিসাব	Bill
বুরুশ	তুলি	Brush
বেঞ্চি	বসিবার স্থান	Bench
বেল	ঘন্টা	Bale
বেলুন	বেলুন	Balloon
ব্যাডমিন্টন	খেলা	Badminton
ব্রীজ	সেতু	Bridge
